# Times Today BD

সিনিয়র রিপোর্টার | বাংলাদেশ | 27 March, 2025

দেশের তৈরি পোশাক ও টেক্সটাইল খাতের অধীনে থাকা দুই হাজার ৭৬৮টি প্রতিষ্ঠান শ্রমিকদের ফেব্রুয়ারির বকেয়া বেতন পরিশোধ করেছে। বৃহস্পতিবার (২৭ মার্চ) সকাল ১০টা পর্যন্ত ফেব্রুয়ারির বেতন দেয়নি ১২২টি কারখানা।এছাড়া এখনো ঈদ বোনাস দিতে পারেনি ৭২৩টি কারখানা।জানুয়ারি বা তারও আগের বেতন বকেয়া রয়েছে ৩০টি কারখানায়।

শিল্প পুলিশের এক প্রতিবেদনে এসব তথ্য তুলে ধরে আরও জানানো হয়েছে, বর্তমানে দেশে বিজিএমইএ, বিকেএমইএ, বিটিএমএ এবং বেপজার অধীন মোট দুই হাজার ৮৯০টি পোশাক কারখানা চালু রয়েছে।

প্রতিবেদনে বলা হয়েছে, চলতি মার্চের জন্য ৪২২টি কারখানা শ্রমিকদের অর্ধেক বেতন অগ্রিম পরিশোধ করেছে।শ্রমিকদের বেতন পরবর্তী মাসের প্রথম সাত কর্মদিবসের মধ্যে পরিশোধের কথা থাকলেও এখনো কিছু কারখানা তা মানতে পারেনি।যদিও শ্রম আইন অনুযায়ীই এ বিধি রয়েছে।

তৈরি পোশাক ও টেক্সটাইল খাতের ২ হাজার ১৬৭টি কারখানা এরই মধ্যে ঈদুল ফিতরের বোনাস পরিশোধ করেছে।এখনো ৭২৩টি কারখানা ঈদ বোনাস পরিশোধ করতে পারেনি, যা মোট কারখানার প্রায় ২৫ শতাংশ।

শিল্প পুলিশ সূত্র জানায়, পাটকলসহ অন্য শিল্প কারখানাগুলো মিলিয়ে দেশের মোট ৯ হাজার ৬৯৫টি কারখানার মধ্যে ঈদুল ফিতরের বোনাস পরিশোধ করেছে ৬ হাজার ৬৭৩টি প্রতিষ্ঠান।যার মধ্যে মার্চের বেতন পরিশোধ করেছে এক হাজার ৮৩৫টি কারখানা।এখনো ৭ হাজার ৮৬০টি কারখানায় মার্চের বেতন বকেয়া রয়েছে।এটি মোট কারখানার প্রায় ৮১ দশমিক ৭ শতাংশ।

সরকারের বেঁধে দেওয়া সময়ের মধ্যে শ্রমিকদের বেতন-বোনাস পরিশোধ না করায় ১২টি কারখানার মালিকের বিদেশযাত্রায় নিষেধাজ্ঞা দিয়েছে সরকার।এসব কারখানার মালিকরা শ্রমিকদের বেতন-বোনাস পরিশোধ না করা পর্যন্ত বিদেশ যেতে পারবেন না।

বেতন-ভাতা ঈদ পোশাক-শ্রমিক পোশাক-শিল্প বিজিএমইএ শ্রমিক শ্রম এম-সাখাওয়াত-হোসেন

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 22:16

URL: https://www.timestodaybd.com/bangladesh/110775807